

সংখ্যা . . . . .  
তারিখ . . . . .

**ঢাবির অনার্স ভর্তি পরীক্ষা**

**অন্যান্য ইউনিটে জালিয়াতি হয়েছে কিনা খুঁজে দেখার নির্দেশ**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের ভর্তি পরীক্ষায় জালিয়াতি করে অংশ নেয়ার প্রাথমিকভাবে ভর্তি বাতিলকৃত ১০ শিক্ষার্থীর মধ্যে ছয়জনের ওপর থেকে বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে। তবে বাকি চারজনের ব্যাপারে বাতিলের সিদ্ধান্ত এখনও বহাল রয়েছে। অন্যদিকে বাণিজ্য অনুষদের বিভিন্ন বিভাগে অধ্যয়নরত 'এসব' শিক্ষার্থী এই জালিয়াতির সঙ্গে জড়িত তাদের ব্যাপারে ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দেয়া হয়েছে। পাশাপাশি 'ক', 'খ' ও 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষাতেও জালিয়াতি হয়েছে কিনা সেটি বোঝার জন্য সংশ্লিষ্ট দিনদের নির্দেশ দেয়া হয়েছে।

রবিবার বিশ্ববিদ্যালয়ের ডিনস্ কমিটির এক সভায় উপাচার্য অধ্যাপক এসএমএ ফয়েজ এই নির্দেশ দেন এবং উপরোক্ত সিদ্ধান্ত নেন। সভায় পুরো ভর্তি পরীক্ষা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ডিনস্ কমিটির পাশাপাশি বাণিজ্য অনুষদের ভর্তি কমিটিরও এক সভা অনুষ্ঠিত হয়। বাণিজ্য অনুষদের ডিন ড. সিরাজুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভাতেও এসব বিষয় নিয়ে আলোচনা হয়। সভাতে পরবর্তী ভর্তি পরীক্ষা কিভাবে নেয়া যায় সে বিষয়ে আলোচনা হয়। এদিকে জালিয়াতির পরও ছয় শিক্ষার্থীকে কেন ছেড়ে দেয়া হলো, এই প্রশ্নের জবাবে বাণিজ্য অনুষদের ডিন ড. সিরাজুল ইসলাম জানান, বিভিন্ন উপায়ে তাদের ব্যাপারে সন্দেহমুক্ত হয়েই ছেড়ে দেয়া হয়েছে। তবে ভর্তির পর তাদের নজরদারিতে রাখা হবে। প্রসঙ্গত, গত ১৭ জানুয়ারি অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের (৭ ইউনিট) অনার্স ভর্তি পরীক্ষায় ব্যাপক জালিয়াতি ধরা পড়ে। এতে ৮৭ শিক্ষার্থীর ফলই ঘোষণা করা হয়নি। এই খবর জনকণ্ঠসহ বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হলে কর্তৃপক্ষ এসব সিদ্ধান্ত নেন।